

ইসলাম প্রতিদিন

# নিত্যপাঠ-০৮

ইসলাম এন্ড লাইফ

ISLAM AND LIFE

info@ac.islamandlife.org, www.ac.islamandlife.org

+88 01708 43 41 95

# কুরআন

সূরা: লাহাব আয়াত: ০৩ অবতীর্ণ: মক্কা

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

تَبَّتۡ يَدَاۤ اَبِىۡ لَهَبٍ وَّ تَبَّ ﴿١﴾ مَاۤ اَغۡنٰى عَنۡهُ مَالُهٗ وَ مَا كَسَبَ ﴿٢﴾ سَيَصۡلٰى نَارًا
ذَاتَ لَهَبٍ ﴿٣﴾ وَّ امۡرَاَتُهٗ حَمَّالَةَ الۡحَطَبِ ﴿٤﴾ فِىۡ جِيۡدِهَا حَبۡلٌ مِّنۡ مَّسَدٍ ﴿٥﴾

উচ্চারণ: বিসমিল্লাহির রাহমানির রাহিম। তাব্বাত ইয়াদা আবি লাহাবিও ওয়াতাব্বা। মা আগনা আনহু মালুহু ওয়া মা কাচাব। চাইসলা নারান জাতা লাহাব। ওয়াম রা'আতুহু হাম্মা লাতাল হাতাব। ফি যি দিহা হাবলুম মিম মাচাদ।

অর্থ: ১. ধ্বংস হোক আবু লাহাবের দুহাত এবং ধ্বংস হয়েছে সে নিজেও। ২. তার ধন-সম্পদ ও তার উপার্জন তার কোন কাজে আসেনি। ৩. অচিরে সে দগ্ধ হবে লেলিহান আগুনে, ৪. আর তার স্ত্রীও- যে ইন্ধন বহন করে, ৫. তার গলায় পাকানো রশি।

# হাদিস

কিতাব: রিয়াজুসসালিহিন

হাদিস নং: ৬৯৪

وَعَن أَبِي هُرَيرَةَ رضي الله عنه، قَالَ: سَمِعْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، يَقُولُ: إِذَا أُقِيمَتِ الصَّلاَةُ، فَلاَ تَأتُوهَا وَأنْتُمْ تَسْعَونَ، وَأتُوهَا وَأنْتُمْ تَمْشُونَ، وَعَلَيْكُمُ السَّكِينَةُ، فَمَا أدْرَكْتُم فَصَلُّوا، وَمَا فَاتَكُمْ فَأَتِمُّوا. متفقٌ عَلَيْهِ

زَادَ مُسلِمٌ فِي رِوَايةٍ لَهُ: فَإنَّ أحَدَكُمْ إِذَا كَانَ يَعْمِدُ إِلَى الصَّلاَةِ فَهُوَ فِي صَلاَةٍ

অর্থ: ১/৭০৯। আবূ হুরাইরা রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি যে, “যখন নামাযের জন্য ইক্বামত (তাকবীর) দেওয়া হয় তখন তোমরা তাতে দৌড়ে আসবে না, বরং তোমরা গাম্ভীর্য-সহকারে স্বাভাবিকরূপে হেঁটে আসবে। তারপর যতটা নামায (ইমামের সাথে) পাবে, পড়ে নেবে। আর যতটা ছুটে যাবে, ততটা (নিজে) পূরণ করে নেবে।” (বুখারী ও মুসলিম)

সহীহুল বুখারী ৩৩, ২৬৮২, ২৭৪৯, ৩১৭৮

# ফিকাহ

কিতাব: আহকামে জিন্দেগী  অধ্যায় : নাপাকীর বর্ণনা  বিষয়: নাপাকীর হুকুম

* কুকুর, শুকর, বানর এবং বাঘ, চিতাবাঘ প্রভৃতি হিংস্র প্রাণীর ঝুটা নাপাক। (খাদ্য বা পানীয় বস্তুতে মুখ লাগিয়ে ত্যাগ করলে তাকে ঝুটা বা উচ্ছিষ্ট বলা হয়।

* বিড়ালের ঝুটা পাক, তবে মাকরূহ। কোন পানিতে বিড়াল মুখ দিয়ে থাকলে তা দ্বারা উযু করবে। আর দুধ বা তরকারী ইত্যাদি খাদ্য খাবারের মধ্যে মুখ দিয়ে থাকলে যদি অবস্থাপন্ন হয় তাহলে তা খাবে না- খাওয়া মাকরুহ হবে। যদি গরীব হয় তবে তার জন্য তা খাওয়া মাকরুহ নয়। তবে বিড়াল যদি সদ্য ইঁদুর ধরে এসে তৎক্ষণাৎ কোন পানি বা খাদ্য দ্রব্যে মুখ দেয় তবে তা নাপাক হয়ে যাবে। যার যদি কিছুক্ষণ দেরী করে নিজের মুখ চেটে চুষে পরিস্কার করে তারপর মুখ দেয় তখন নাপাক হবে না। এখন পূর্বের মাসআলার ন্যায় মাকরূহ হবে।